

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮২

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি বলেন যে, সমস্ত মুসলিমের ঈমান একই; এতে কোন কম-বেশি নেই- তার কথা অপনোদনকারী হাদীসের বর্ণনা

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ إِيمَانَ الْمُسْلِمِينَ وَاحِدٌ مِنْ غَيْرِ أَنْ يَكُونَ فِيهِ زِيَادَةٌ أَوْ نُقْصَانٌ

## আরবী

أَخْبَرَنَا الْفَضِلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ قَالَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ حَدَّثَنَا مَعْنُ بْنُ الْجُمَحِيُّ قَالَ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنسٍ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ عِيسَى قَالَ حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنسٍ عَنْ عَمْرِو بْنِ يَحْيَى الْمَازِنِيِّ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "يُدْخِلُ اللَّهُ أَهْلَ الْجَنَّةِ الْجَنَّةِ الْجَنَّةِ يُدْخِلُ مَنْ يَشَاءُ بِرَحْمَتِهِ وَيُدْخِلُ أَهْلَ النَّارِ [النَّارَ] ثُمَّ يَقُولُ أَحْرِجُوا مَنْ كَانَ فِي قَلْبِهِ حَبَّةُ مَنْ يَشَاءُ بِرَحْمَتِهِ وَيُدْخِلُ أَهْلَ النَّارِ [النَّارَ] ثُمَّ يَقُولُ أَحْرِجُوا مَنْ كَانَ فِي قَلْبِهِ حَبَّةُ خَرْدُلُ مِنْ إِيمَانٍ فَيُحْرَجُونَ مِنْهَا حُمَمًا فَيُلْقَوْنَ فِي نَهْرٍ فِي الْجَنَّةِ فَيَنْبُتُونَ كَمَا تَنْبُتُ حَرَدُلٍ مِنْ إِيمَانٍ فَيُخْرَجُونَ مِنْهَا حُمَمًا فَيُلْقَوْنَ فِي نَهْرٍ فِي الْجَنَّةِ فَيَنْبُتُونَ كَمَا تَنْبُتُ حَرَّدُلٍ مِنْ إِيمَانٍ فَيُخْرَجُونَ مِنْهَا حُمَمًا فَيُلْقَوْنَ فِي نَهْرٍ فِي الْجَنَّةِ فَيَنْبُتُونَ كَمَا تَنْبُتُ حَبَّةُ فِي جَانِبِ السَيْلُ أَلَمْ تَرَهَا صفراء ملتوية".

الراوي: أَبُوْ سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: صحيح ابن حبان

الصفحة أو الرقم: 182 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৮২. আবু সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লান্থ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: 'আল্লাহ তা'আলা জান্নাতবাসীদের জান্নাতে প্রবেশ করাবেন, যাকে ইচ্ছা তিনি স্বীয় রহমতে জান্নাতে প্রবেশ করাবেন, এবং জাহান্নামবাসীদের জাহান্নামে প্রবেশ করাবেন। তারপর তিনি বলবেন: 'যার অন্তরে সরিষার দানা পরিমান ঈমান আছে, তাকে তোমরা জাহান্নাম থেকে বের করো।' অতঃপর তাদেরকে জাহান্নাম থেকে বের করা হবে এমতাবস্থায় যে তারা অঙ্গারে পরিণত হয়ে গিয়েছে। অতঃপর তাদেরকে জান্নাতের একটি নদীতে ফেলে দেওয়া হবে ফলে তারা জেগে উঠবে যেভাবে নদীর ধারে শষ্যদানা গজিয়ে উঠে। তোমরা কি সেগুলোকে হলুদ বর্ণ ও মোচড় খাওয়া পেঁচানো দেখতে পাও না?'[1]



## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২২; সহীহ মুসলিম: ১৮৪; মুসনাদ আহমাদ: ৩/৫৬; শারহুস সুন্নাহ: ২৩৫৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (যিলালুল জান্নাত: ৮৪২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন